## ♣ উত্তরপত্র

প্রাইমারি শিক্ষক নিয়োগ - ২০১৯ (২য় ধাপ)

**Total questions : 80 Total marks : 80**

---

1) ভাষার মূল উপকরণ কি?

1) ধ্বনি
2) শব্দ
3) বর্ণ
✔ 4) বাক্য

**ব্যাখ্যা :** ভাষার মূল উপাদান হলো ধ্বনি। এবং মূল উপকরন হলো বাক্য। ভাষার ক্ষুদ্রতম একক ধ্বনি আর বৃহত্তম একক বাক্য।

2) বেলা অবেলা কালবেলা'র লেখক কে?

1) সুকান্ত ভট্টাচার্য
✔ 2) জীবনানন্দ দাশ
3) কাজী নজরুল ইসলাম
4) সিকানদার আবু জাফর

**ব্যাখ্যা :** "বেলা অবেলা কালবেলা" জীবনানন্দ দাশের সপ্তম কাব্যগ্রন্থ। কবির মৃত্যুর পর তাঁর কনিষ্ঠ ভ্রাতা অশোকানন্দ দাশ ১৯৬১ খ্রিষ্টাব্দে কাব্যগ্রন্থটি প্রকাশ করেন। এর আগে ১৯৫৪ সালের ২২ অক্টোবর কবি এক ট্রাম দুর্ঘটনায় মৃত্যু বরণ করেন। জীবদ্দশায় প্রকাশিত সর্বশেষ কাব্যগ্রন্থ হলো ১৯৪৮ সালে প্রকাশিত "সাতটি তারার তিমির "

Hello BCS

3) নিত্য সমাসের উদাহরণ কোনটি?

1) অপব্যয়
2) বাগদত্তা
✔ 3) দেশান্তর
4) বনজ

**ব্যাখ্যা :** নিত্য সমাসের উদাহরণঃ অন্য দেশ = দেশান্তর সমস্তগ্রাম = গ্রামশুদ্ধ কেবল মাত্র = তন্মাত্র একটি কাপড় = কাপড়খানা কেবল জল = জলমাত্র অন্য স্থান = স্থানান্তর অন্য গ্রাম = গ্রামান্তর অনেক মানুষ = মানুষগুলো অন্য গৃহ = গৃহান্তর

4) বিরাম চিহ্নের অপর নাম কি?

✔ 1) ছেদ চিহ্ন
2) স্থির চিহ্ন

3) বিশ্রাম চিহ্ন
4) বিভাজন চিহ্ন

**ব্যাখ্যা :** যতিচিহ্ন, বিরামচিহ্ন বা ছেদচিহ্ন হল সেইসব সাংকেতিক চিহ্ন যেগুলো লেখ্যমাধ্যমে ব্যবহার করে বাক্যের বিভিন্ন ভাব, যেমন : জিজ্ঞাসা, বিস্ময়, সমাপ্তি ইত্যাদি সার্থকভাবে প্রকাশের মাধ্যমে বাক্যের অর্থ সুস্পষ্ট করা হয়। বাংলা ভাষায় ২০টির মতো যতিচিহ্ন রয়েছে। এদের মধ্যে বাক্যশেষে ব্যবহার্য যতিচিহ্ন ৪টি ; বাক্যের ভিতরে ব্যবহার্য ১০টি এবং বাক্যের আগে পরে ব্যবহার্য ৬টি

5) অক্ষির সমীপে'র সংক্ষেপ হলো -

1) নিরপেক্ষ
2) পরোক্ষ
✔ 3) সমক্ষ
4) প্রত্যক্ষ

**ব্যাখ্যা :** অক্ষির সমীপে > > সমক্ষ ; অক্ষির অভিমুখে>> প্রত্যক্ষ ; অক্ষির অগোচরে>> পরোক্ষ ; চক্ষুর সম্মুখে সংঘটিত >>চাক্ষুষ।

6) ষোড়শ' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?

1) ষড়+অশ
2) ষড়+দশ
3) ষট+অশ
✔ 4) ষট্+দশ

**ব্যাখ্যা :** ষোড়শ' শব্দের সন্ধি বিচ্ছেদ = ষট্ + দশ ।

Hello BCS

7) কোনটি শুদ্ধ বাক্য?

1) আমার বড় দূরাবস্থা
✔ 2) আমার বড় দুরবস্থা
3) আমার বড় দূরবস্থা
4) আমার বড় দূরাবস্থা

**ব্যাখ্যা :** আমার বড় দুরবস্থা - শুদ্ধ বাক্য । অন্যান্য বাক্যগুলো ব্যাকরণগত ঠিক নয় ।

8) কুসুমিত' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?

1) কুসুম+ত
✔ 2) কুসুম+ইত
3) কুসুম+ঈত
4) কুসুম+উত

**ব্যাখ্যা :** কুসুম + ইত = কুসুমিত
প্রত্যয় : শব্দ গঠনের উদ্দেশ্যে নাম প্রকৃতির এবং ক্রিয়া প্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয় তাকে প্রত্যয় বলে। কয়েকটি শব্দের প্রকৃতি ও প্রত্যয় বিশ্লেষণ করে দেখানো হলো । বাংলা শব্দ গঠনে দুই প্রকার প্রত্যয় পাওয়া যায় : ১. তদ্ধিত প্রত্যয় ও ২. কৃৎ প্রত্যয় ।

9) বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণ কয়টি?

✔ 1) ১০
2) ১১
3) ৮
4) ৯

**ব্যাখ্যা :** বাংলা বর্ণমালার ৫০টি বর্ণের মধ্যে মাত্রাহিন বর্ণ ১০টি। এগুলো হলোঃ এ, ঐ, ও, ঔ, ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ। অর্ধমাত্রার বর্ণ ৮টি। এগুলো হলোঃ ঋ, খ, গ, ণ, থ, ধ, প, শ এবং পূর্ণমাত্রার বর্ণ ৩২ টি।

10) আধারাম বাস করে আজপাড়া গায়ে' 'অঘা' ও 'অজ' কোন ধরনের উপসর্গ?

✔ 1) খাঁটি
2) বিদেশি
3) তৎসম
4) তদ্ভব

**ব্যাখ্যা :** বাংলা ভাষায় এমন কতগুলো অব্যয়সূচক সূচক শব্দাংশ রয়েছে, যেগুলো স্বাধীন পথ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না, এগুলো অন্য শব্দের আগে বসে নতুন নতুন শব্দ গঠন করে, এসব শব্দকে উপসর্গ বলে। বাংলা ভাষায় ২১ টি খাঁটি বাংলা উপসর্গ রয়েছে। যথা : অ, অঘা, অজ, অনা, আ, আন, আব, আড়, ইতি, উন, কদ, ক, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

Hello BCS

11) হাট-বাজার কোন অর্থে দ্বন্দ্ব?

1) বিয়োদার্থে
✔ 2) সমার্থে
3) বিপরীতার্থে
4) মিলনার্থে

**ব্যাখ্যা :** সমার্থক দ্বন্দ্ব : দ্বন্দ্ব সমাসের দুই পদ সমার্থক হলে তাকে সমার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন : রাজা-বাদশা, কাগজ ও পত্র = কাগজ-পত্র, কাজ ও কর্ম = কাজ-কর্ম, জন ও মানব = জন-মানব, ধন ও দৌলত = ধন-দৌলত ইত্যাদি। হাট - বাজার সমার্থক শব্দ যোগে গঠিত সমাস। মা - বাবা মিলনার্থক শব্দযোগে গঠিত সমাস। দা - কুমড়া বিরোধার্থক শব্দযোগে গঠিত সমাস।

12) তাসের ঘর' অর্থ কী?

1) পূর্ণস্থায়ী

✔ 2) ক্ষণস্থায়ী
3) তাস খেলার ঘর
4) দীর্ঘস্থায়ী

**ব্যাখ্যা :** তাসের ঘর একটি বাগধারা। প্রদত্ত বাগধারাটির অর্থ - ক্ষণস্থায়ী। যেমন : ঠুনকো বন্ধুত্ব স্বার্থের সামান্য আঘাতেই তাসের ঘরের মত ভেঙে যায়।

13) দিন যায় কথা থাকে' - এখানে 'যায়' কী অর্থে ব্যবহৃত হয়েছে?

1) গমন
✔ 2) অতিবাহিত
3) বলা
4) ধারাবাহিকতা

**ব্যাখ্যা :** এখানো ‘যায়’ ‘অতিবাহিত’ অর্থে ব্যবহৃত হয়েছে। কারন দিন এখানে পার হয়ে যাচ্ছে এমনটা বুঝায়। তবে অনেকে ‘ধারাবাহিকতা’ উত্তর হবে বলে দাবী করেন।

14) আমি', 'আমরা' এগুলো কোন সর্বনাম পদ?

1) ব্যতিহারিক
2) সাকুল্যবাচক
3) আত্যবাচক
✔ 4) ব্যাক্তিবাচক

**ব্যাখ্যা :** বিশেষ্য পদের পরিবর্তে যে পদ ব্যবহৃত হয়, তাকেই সর্বনাম পদ বলে। ব্যক্তিবাচক বা পুরুষবাচক : আমি, আমরা, তুমি, তোমরা, সে, তারা, তাহারা, তিনি, তাঁরা, এ, এরা, ও, ওরা ইত্যাদি।

Hello BCS

15) ইতিহাস রচনা করেন যিনি

1) ইতিহাস লেখক
✔ 2) ঐতিহাসিক
3) ইতহাসবেত্তা
4) ঐতিহাসিকতা

**ব্যাখ্যা :** ইতিহাস রচনা করেন যিনি তাকে ঐতিহাসিক বলা হয়।

16) শুদ্ধ বানান কোনটি?

1) অশক্তি
2) আষক্তি
3) আসক্তী
✔ 4) আসক্তি

**ব্যাখ্যা :** ত্ব, তা, নী, ণী, সভা, পরিষদ, জগৎ, বিদ্যা, তত্ত্ব শব্দের শেষে যোগ হলে ঈ - কার না হয়ে ই - কার হবে।

17) অলীক' এর বিপরীত শব্দ

✔ 1) সত্য
2) মিথ্যা
3) আশা
4) অনীত

**ব্যাখ্যা :** অলীক এর বিপরীত শব্দ হলো - বাস্তব, সত্য।
লৌকিক এর বিপরীত শব্দ হলো - অলৌকিক।
বাস্তব এর বিপরীত শব্দ হলো - অবাস্তব।
সঠিক উত্তর - বাস্তব।

18) কিরণ' এর সমার্থক নয় -

1) রশ্মি
2) প্রভা
3) কর
✔ 4) রবি

**ব্যাখ্যা :** "কিরণ" শব্দের সমার্থক শব্দ অংশু। কিরণ শব্দটির সমার্থক শব্দ হলো অংশু, কর, আলো, রশ্মি, প্রভা, দীপ্তি, বিভা, ময়ূখ। শিখা শব্দটির সমার্থক হচ্ছে অনল, অগ্নি, দহন।

Hello BCS

19) রবীন্দ্র' - এর সন্ধি বিচ্ছেদ কোনটি?

1) রবি+ঈন্দ্র
2) রব+ইন্দ্র
3) রবী+ইন্দ্র
✔ 4) রবি+ইন্দ্র

**ব্যাখ্যা :** ই - কার কিংবা ঈ - কারের পর ই - কার কিংবা ঈ - কার থাকলে উভয় মিলে দীর্ঘ ঈ - কার হয়।
ঈ - কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।
রবি + ইন্দ্র = রবীন্দ্র।

20) Mr. Atique ----- rather not invest that money in the stock market

1) must
2) has to
3) cold
✔ 4) would

ব্যাখ্যা : The correct verb is would according to the grammar rules ("Would rather" is a phrase that is commonly used to express a preference for one thing over another ) So the correct one is Mr. Atique would rather not invest that money in the stock market .

21) The Feminine of 'Ram' is

✔ 1) Ewe
2) Hind
3) Mare
4) Sow

ব্যাখ্যা :

| Masculine | Feminine |
|---|---|
| Ram | Ewe |
| Boar | Sow |
| Stag | Hind |
| Stallion | Mare |

Hello BCS

22) What is the antonym of the 'unwitting'?

1) stupid
✔ 2) intentional
3) Unintentional
4) clever

ব্যাখ্যা : The antonyms of "unwitting" are "knowing," "aware," "conscious," "intentional," "deliberate," "purposeful," "informed," "mindful," "voluntary," "cognizant," "in the know," among others.

23) The plural of 'Fez' is

1) Fez
2) Fezees
3) Feezes
✔ 4) Fezes

ব্যাখ্যা : The plural of "Fez" is "Fezzes"."Fez" is a type of hat that is typically made of felt, and is characterized by its round, flat-topped shape and tassel on top. The hat is named after the Moroccan city of Fez, where it originated.

24) Which one is plural

1) Oasis
2) Terminus
3) Vertex
✔ 4) Bureaux

ব্যাখ্যা : "Bureaux" is the plural form of "Bureau".[ "Bureau" can have a few different meanings depending on the context:
A piece of furniture with drawers and/or compartments used for storage, often found in offices or bedrooms.
An office or agency, especially one that is concerned with a specific type of work or service.
A writing desk, often with a sloping top, designed for use while standing up.
A department or division of a government or other organization.]

25) The professor was given-to materials in the research laboratory

1) allusion
✔ 2) access
3) excess
4) time

ব্যাখ্যা : The correct Sentence is The professor was given access to materials in the research laboratory.
"Access to" means the ability or right to enter, approach, or use something. It implies that someone or something has permission, clearance, or the means to get to or use something.

26) He said that he had done the work'. The direct speech is

1) He said " I will do the work'
2) He said 'The work will be done by me'
3) He said ' I do the work'
✔ 4) He said 'He did the work'

ব্যাখ্যা : Past perfect tense যুক্ত indirect speech কে direct করার নিয়ম : sub + verb + , (comma) + sub + verb এর past form + অর্থাৎ সঠিক direct form টি হলো - He said, 'He did the work'

Hello BCS

27) As the sun, ------ I decided to go out

✔ 1) was shining
2) have shone
3) shine
4) shines

**ব্যাখ্যা :** সাধারণ নিয়মানুযায়ী main clause যদি past tense - এ থাকে তাহলে subordinate clause অবশ্যই past tense হবে।

28) Which one is the correct spelling?

1) Supercede
2) Superseede
3) Superceed
✔ 4) Supersede

**ব্যাখ্যা :** Supersede-রহিত করা [ "Supersede" means to replace, override, or take the place of something or someone. It implies that the new thing or person is better or more appropriate for the job, function, or position than the previous one. For example, "The new version of the software will supersede the old one" means that the new version will replace or override the old one because it is better or more up-to-date. ]

Hello BCS

29) The book 'Treasure Island' is by

✔ 1) Stevenson
2) James Joyce
3) Arthur Miller
4) Homer

**ব্যাখ্যা :** Treasure Island, classic adventure novel by Robert Louis Stevenson, serialized in the magazine Young Folks from October 1881 to January 1882 under the title The Sea-Cook; or, Treasure Island and published in book form in 1883.

30) Amenable' শব্দের সাথে সঠিক Preposition টি কি হবে?

1) with
✔ 2) to
3) after
4) for

**ব্যাখ্যা :** 'Amenable to' এটি appropriate preposition যার আর্থ বাধ্য, মান্য করে এমন।

31) Every driver must be held --- his own actions.

1) responsible to
2) blamed for
3) laiable to
✔ 4) responsible for

**ব্যাখ্যা :** অধস্তন উর্ধ্বতন কোনো কর্তৃপক্ষের নিকট কাজের জন্য দায়ী বা কোনো লোক অন্য কোনো লোকের কাছে কাজের জন্য দায়ী থাকলে সাধারণত ' responsible to' ব্যবহার করা হয়। যেমন - The Director is directly responsible to the president . অপরপক্ষে কোনো কাজের দায়ভার যখন যে কাজ করে তার ওপরই বর্তায়, তখন 'be held responsible for' ব্যবহৃত হয়। যেমন - Sumi is mentally ill and can't be held responsible for her actions. 'liable to' দ্বারা কোনো দায় - দায়িত্বকে বোঝায়। যেমন - We are all liable to make mistakes when we are tired .

32) A person who writes and edits dictionaries is called a

1) Lithographer
2) Topographer
✔ 3) Lexicographer
4) Larygographer

**ব্যাখ্যা :** Lexicographer - অভিধানলেখক।
Topographer - স্থানের বিবরণ বিষয়ে নিপুণ ব্যক্তি।
Lithographer - তেল ও পানির মিশ্রণে এক ধরনের প্রতিচ্ছবি - বিশেষ তৈরিতে অভিজ্ঞ ব্যক্তি।
Laryngography - মানবদেহের শ্বাস - যন্ত্র সংক্রান্ত এক ধরনের পরীক্ষা - নিরীক্ষার ক্ষেত্রে নিয়োজিত প্রযুক্তিবিদ।

Hello BCS

33) Choose the English translation of - তুমি কি কখনো কক্সবাজার গিয়েছো?

1) Have you gone to Cox's Bazar?
2) Have you ever gone Cox's Bazar?
✔ 3) Have you ever been to Cox's Bazar?
4) Did you ever go to Cox's Bazar?

**ব্যাখ্যা :** ' কোথাও গিয়ে আবার ফিরে আসা' অর্থে Perfect tense - এ been verb - টি ব্যবহৃত হয়। এ দৃষ্টিকোণ থেকে 'তুমি কি কখনো কক্সবাজারে গিয়েছো' এর সঠিক ইংরেজি হচ্ছে - Have you ever been to Cox's Bazar ?

34) I have a boat <u>made of wood</u>. The underlined phrase is

1) an adverbial phrase

2) perfect participle phrase
3) present participle phrase
✔ 4) past participle phrase

ব্যাখ্যা : Participle phrase, Adjective আকারে ব্যবহৃত হয়। I have a boat made of wood - এখানে made of wood, past participle হিসেবে ব্যবহৃত হয়েছে। সুতরাং এটি past participle phrase.

35) Choose the correct spelling:

✔ 1) irresistible
2) irresistable
3) iresistable
4) iresistible

ব্যাখ্যা : The correct spelling: irresistible = অপ্রতিরোধ্য
"Irresistible" means impossible to resist or refuse, too powerful or compelling to be ignored. It describes something that is so appealing, attractive, or desirable that one cannot help but be drawn to it or give in to it. For example, "The smell of fresh-baked cookies was irresistible, and I had to have one" means that the person could not resist the temptation to eat one of the cookies because the smell was too strong and enticing.

Hello BCS

36) The countable form of 'laughter' is

1) all of the above
✔ 2) Laugh
3) a laugh
4) The laugh

ব্যাখ্যা : The countable form of "laughter" is "laugh."
"Laugh" is a verb that means to make sounds and facial expressions that show happiness, amusement, or pleasure. It can also be used as a noun to refer to the sound or act of laughing. For example, "The comedian's jokes made me laugh so hard that I had tears in my eyes" means that the jokes were so funny that they caused the person to make sounds and facial expressions that showed their amusement. Another example could be, "The room was filled with the sound of laughter" which refers to the act of people laughing.

37) Phosphates ---- to most farm lands in Bangladesh

1) need to be adding

✔ 2) need to be added
3) need added
4) need to add

ব্যাখ্যা : Phosphates need to be added to most farm lands in Bangladesh .The others option are not correct grammatically. The Structure: Subject+need to be+ Past participle form of the main verb+object.

38) Which of the following sentence is correct?

1) He was hung for murder
✔ 2) He was hanged for murder
3) He was hunged for murder
4) He had been hung for murder

ব্যাখ্যা : ফাঁসি দেয়া অর্থে - Hang এর past and past participle form হচ্ছে hanged . আর ঝোলানো অর্থে - Hang এর past and past participle হচ্ছে hung.

39) Change the voice . Who is creating this mess?

1) Who has been created this mess?
2) By whom has this been created?
3) By whom this mess is being created?
✔ 4) By whom is this mess being created?

ব্যাখ্যা : Who যুক্ত present continuous tense interrogative বাক্যেটির passive voice - এর structure হলো : By whom + is + do কে sub + being + verb এর p.p + ? mark।

Hello BCS

40) মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন?

1) এ.এইচ.এম.কামরুজ্জামান
2) সৈয়দ নজরুল ইসলাম
3) তাজউদ্দীন আহমেদ
✔ 4) এম.মনসুর আলী

ব্যাখ্যা : মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী ছিলেন ক্যাপ্টেন এম মনসুর আলী। স্বাধীনতার পর অর্থমন্ত্রী ছিলেন - তাজউদ্দীন আহমদ।

41) পলাশীর যুদ্ধ সংঘটিত হয় ১৭৫৭ সালের

1) ২২ জুন
✔ 2) ২৩ জুন
3) ২৪ জুন

4) ২১ জুন

**ব্যাখ্যা :** ১৭৫৭ সালের ২৩ জুন নবাব সিরাজদৌলা ও ইস্ট ইন্ডিয়া কোম্পানির মধ্যে পলাশীর যুদ্ধ সংঘটিত হয়। এ যুদ্ধ আধ ঘন্টার মতো স্থায়ী ছিল এবং প্রধান সেনাপতি মীর জাফর আলী খানের বিশ্বাসঘাতকতার দরুন নবাব পরিচিত হন।

42) পাটের জীবন রহস্য উন্মেচনকারী দলের নেতা

1) ফরিদুল আলম
✔ 2) মাকসুদুল আলম
3) শহীদুল আলম
4) মোঃ জলিল

**ব্যাখ্যা :** পাটের জীবনরহস্য উন্মোচনকারী দলের নেতা ছিলেন মাকসুদুল আলম। 2010 সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাকসুদুল আলমের পাটের জীবন রহস্য আবিষ্কারে ঘোষণা দেন। 2016 সালে মাকসুদুল আলমকে কাজের স্বীকৃতি হিসেবে 'স্বাধীনতা পুরস্কার' দেওয়া হয় ।

43) রূপপুর পারমাণবিক কেন্দ্র কোন জেলায়?

✔ 1) পাবনা
2) রাজশাহী
3) খুলনা
4) নাটোর

**ব্যাখ্যা :** রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র (Rooppur Nuclear Power Plant) হচ্ছে ২.৪ গিগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি পরিকল্পিত পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র যা বাংলাদেশের পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার রূপপুর নামক স্থানে নির্মীত হচ্ছে। এটি হতে যাচ্ছে বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র যার প্রথম ইউনিট ২০২৩ সালে বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম শুরু করবে। এই বিদ্যুৎ কেন্দ্রটি রাশিয়ার রোসাটোম স্টেট অ্যাটমিক এনার্জি কর্পোরেশন কর্তৃক নির্মীত হচ্ছে।

Hello BCS

44) ১৯৭১ সালে বাংলাদেশে পাকিস্তানি বাহিনীর বর্বরতার খবর প্রথম বহিঃবিশ্বে প্রচার করেন কোন সাংবাদিক?

1) মতিউর রহমান
✔ 2) সাইমন ড্রিং
3) এম আর আকতার মুকুল
4) এলেন গিনেসবার্গ

**ব্যাখ্যা :** সাইমন ড্রিং সাংবাদিক হিসেবে প্রথম বর্বরতার চিত্র প্রকাশ করে। এছাড়াও তিনি লন্ডনভিত্তিক দ্য ডেইলী টেলিগ্রাফ, বিবিসি টেলিভিশন এবং রেডিও সংবাদ ও চলতি ঘটনা তুলে ধরার লক্ষ্যে অনবরত কাজ করছেন। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে তিনি জীবনের ঝুঁকি নিয়ে পাকিস্তান হানাদার বাহিনীর জঘন্য ও নৃশংসতার বিবরণ দৈনিকে তুলে ধরে বিশ্ববাসীর দৃষ্টি আকর্ষণ করেন।

45) ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় কোন সালে?

1) ১৯০৫
2) ১৯১১
3) ১৯২০
✔ 4) ১৯২১

**ব্যাখ্যা :** ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ১৯১২ সালে নাথান কমিশন গঠিত হয়। এ কমিশনের সুপারিশের ভিত্তিতে ১৯২১ সালের ১ জুলাই তিনটি হল ,তিনটি অনুষদ ও ৮৭৭ জন শিক্ষার্থী নিয়ে বিশ্ববিদ্যালয়টি যাত্রা শুরু করে।

46) স্কাউটের প্রতিষ্ঠাতা কে?

✔ 1) লর্ড ব্যাডেন পাওয়েল
2) লর্ড মুরিং
3) লর্ড স্টিফেন
4) লর্ড কার্জন

**ব্যাখ্যা :** রবার্ট ব্যাডেন পাওয়েল, প্রথম ব্যারন ব্যাডেন-পাওয়েল, ওএম, জিসিএমজি, জিসিভিও, কেসিবি (ইংরেজি : Robert Stephenson Smyth Baden-Powell; ফেব্রুয়ারি ২২ , ১৮৫৭ - ৮ জানুয়ারি, ১৯৪১) স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা হিসেবে বৈশ্বিকভাবে পরিচিত হয়ে আছেন। এছাড়াও, তিনি ইংরেজ সামরিক কর্মকর্তা ছিলেন। তার পূর্ণ নাম রবার্ট স্টিভেন্সন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল। স্কাউটদের মাঝে তিনি বি.পি. এবং গিলওয়েলের ব্যাডেন পাওয়েল নামেও সমাধিক পরিচিত। ব্যাডেন পাওয়েল এর বাবা ছিলেন অক্সফোর্ড এর প্রফেসর আর.এইচ.জি পাওয়েল ও মা হেনরিয়েটা গেসা।

Hello BCS

47) ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদে কতটি আসন পায়?

✔ 1) ১৬৭
2) ১৬৯
3) ১৬৩
4) ১৬৫

**ব্যাখ্যা :** ১৯৭০ সালের নির্বাচনে মোট আসন ৩১৩ টি, এর মধ্যে সংরক্ষিত মহিলা আসন ১৩ টি। পূর্ব পাকিস্তানের আসন সংখ্যা মোট ১৬৯ টি এবং পশ্চিম পাকিস্তানের আসন সংখ্যা মোট ১৪৪ টি। আওয়ামী লীগ ১৬৯ টি আসনের মধ্যে ১৬৭ টিতে জয়লাভ করে।

48) পৃথিবীর কোন দেশের প্রাথমিক শিক্ষার মান সবচেয়ে উন্নত -

1) কানাডা
✔ 2) ফিনল্যান্ড
3) ইংল্যান্ড
4) যুক্তরাষ্ট্র

**ব্যাখ্যা :** কোন দেশের শিক্ষা ব্যাবস্থা সবথেকে ভালো, এটা তো চট করে ফিতে দিয়ে মেপে বলা যাবে না। তবে পিসা'র (Programme for International Student Assessment) মূল্যায়ন অনুযায়ী ফিনল্যান্ড এর শিক্ষা ব্যাবস্থাকে অন্যতম সেরা তো বলাই যায়।

49) বঙ্গবন্ধু কর্তৃক 'ছয় দফা' ঘোষিত হয় কবে?

1) ২২ ফেব্রুয়ারি ১৯৬৯
✔ 2) ৫ ফেব্রুয়ারি ১৯৬৯
3) ৩ জানুয়ারি ১৯৬৯
4) ১৫ ফেব্রুয়ারি ১৯৬৯

**ব্যাখ্যা :** বঙ্গবন্ধু ১৯৬৬ সালের ৫ - ৬ ফেব্রুয়ারি লাহোরে ৬ দফা পেশ করেন। আনুষ্ঠানিকভাবে পেশ করেন ২৩ মার্চ।

50) আমেরিকান ম্যাগাজিন নিউজ উইকে 'Poet of Politics' বা রাজনীতির কবি নামে অধ্যায়িত করা হয়

1) ইন্দিরা গান্ধীকে
2) সুভাষ বসুকে
✔ 3) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে
4) মহাত্মা গান্ধীকে

**ব্যাখ্যা :** আমেরিকান ম্যাগাজিন নিউজ উইকে 'Poet of Politics ' বা 'রাজনীতির কবি ' নামে আখ্যায়িত করা হয় শেখ মুজিবুর রহমান কে।

Hello BCS

51) বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহবান করেন -

1) মাননীয় স্পিকার
2) মাননীয় চিপ হুইপ
✔ 3) মহামান্য রাষ্ট্রপতি
4) মাননীয় প্রধানমন্ত্রী

**ব্যাখ্যা :** বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন মহামান্য "রাষ্ট্রপতি "। বর্তমানে রাষ্ট্রপতি জাতীয় সংসদ কর্তৃক নির্বাচিত হয়ে থাকেন। রাষ্ট্রপতির মেয়াদকাল ৫ বছর। জাতীয় সংসদে পাশ হওয়া প্রতিটি বিল রাষ্ট্রপতির সম্মতিক্রমে আইনে পরিণত হয়

52) মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের স্বাধীনতা লাভের বিরোধীতা করেছিল জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কোন দুটি স্থায়ী রাষ্ট্র?

1) যুক্তরাজ্য ও চীন
2) যুক্তরাষ্ট্র ও ফ্রান্স
✔ 3) চীন ও যুক্তরাষ্ট্র
4) রাশিয়া ও ফ্রান্স

**ব্যাখ্যা :** জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী রাষ্ট্র 5টি।
বাংলাদেশের পক্ষে ছিল রাশিয়া, ফ্রানস, যুক্তরাজ্য।
আর দুটি রাষ্ট্র হলো চীন ও যুক্তরাষ্ট্র।
আর তাই বিরোধিতা করে ছিল চীন ও যুক্তরাষ্ট্র।

53) বাংলাদেশের একমাত্র স্যাটেলাইটটি কোন দেশ থেকে উৎক্ষেপণ করা হয়?

1) ইতালি
2) ফ্রান্স
✔ 3) যুক্তরাষ্ট্র
4) জার্মানি

**ব্যাখ্যা :** বাংলাদেশের একমাত্র স্যাটেলাইট এর নাম বঙ্গবন্ধু - ১ । এটি কেনেডি স্পেস সেন্টার থেকে বাংলাদেশ সময় শনিবার ১২ মে, ২০১৮ উৎক্ষেপন করা হয়। এর মধ্য দিয়ে বাংলাদেশ ৫৭ তম স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশ হিসেবে নাম লেখায়। এটি ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে BTRC কর্তিক নিয়ন্ত্রিত হয় ।

54) ইউরোপিয়ার ইউনিয়নের সদস্য সংখ্যা কতটি?

1) ২৮ টি
2) ১৭ টি
3) ১৮ টি
✔ 4) ২৭ টি

**ব্যাখ্যা :** ৩১ জানুয়ারি ২০২০ সালে যুক্তরাজ্য বেরিয়ে যাওয়ায় বর্তমানে সদস্য ২৭ টি দেশ।

Hello BCS

55) খাওয়ার লবণের সংকেত কোনটি?

1) কোনটিই নয়
2) $NaCO_3$
✔ 3) NaCl
4) $CaCl_2$

**ব্যাখ্যা :** সোডিয়াম ক্লোরাইড (ইংরেজি : Sodium Chloride) একটি রাসায়নিক পদার্থ যা সাধারণ লবণ, টেবিল লবণ হিসেবেও পরিচিত। এর রাসায়নিক সংকেত হলো NaCl ।

56) পানির স্ফুটনাংক কত?

1) ১৮০ ডিগ্রী সেলসিয়াস
2) ১০০ ডিগ্রী ফারেনহাইট
3) ৮০ ডিগ্রী সেলসিয়াস
✔ 4) ১০০ ডিগ্রী সেলসিয়াস

**ব্যাখ্যা :** স্ফুটনাঙ্ক হলো একটি তাপমাত্রা যাতে পৌঁছালে তরল পদার্থ বাষ্পে পরিণত হয়। পানির স্ফুটনাঙ্ক হলো ১০০ ডিগ্রি সেলসিয়াস।

57) কোন প্রক্রিয়ায় উদ্ভিদ খাদ্য তৈরী করে?

1) প্রস্বেদন
2) অভিস্রবণ
✔ 3) সালোকসংশ্লেষণ
4) শ্বসন

**ব্যাখ্যা :** সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার সাহায্যে উদ্ভিদ খাদ্য তৈরি করে। যে জৈব রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে সবুজ উদ্ভিদ কোষে সূর্যালোকের উপস্থিতিতে, পরিবেশ থেকে গৃহীত কার্বন ডাইঅক্সাইড ($CO^{2}$) ও মূল দ্বারা শোষিত জলের বিক্রিয়ায় শর্করা জাতীয় খাদ্যের সংশ্লেষ ঘটে এবং গৃহীত কার্বন ডাইঅক্সাইডের সমপরিমাণ অক্সিজেন প্রকৃতিতে নির্গত হয়, তাকে সালোকসংশ্লেষ বলে। এই প্রক্রিয়ায় সজীব উদ্ভিদকোষে উপস্থিত ক্লোরোফিল নামক রঞ্জক আলোকশক্তিকে রাসায়নিক শক্তিতে রূপান্তরিত করে এবং তা উৎপন্ন শর্করাজাতীয় খাদ্যের মধ্যে স্থিতিশক্তি রূপে সঞ্চিত রাখে।

58) একটি শ্রেণির প্রতি বেঞ্চে ৪ জন করে ছাত্র বসালে ৩ টি বেঞ্চ খালি থাকে। আবার, প্রতি বেঞ্চে ৩ জন করে ছাত্র বসালে ৬ জন ছাত্রকে দাঁড়িয়ে থাকতে হয়। ঐ শ্রেণীর ছাত্র সংখ্যা কত?

1) ৫৫
✔ 2) ৬০
3) ৬৫
4) ৫০

**ব্যাখ্যা :** ধরি, ছাত্র সংখ্যা x জন ।
৪ জন করে বসলে বেঞ্চের সংখ্যা (x/৪ + ৩) টি
৩ " " " " " (x/৩ - ৬/৩) টি
x/৪ + ৩ = x/৩ - ৬/৩
= > x/৪ + ৩ = x/৩ - ২
= > x/৩ - x/৪ = ৩ + ২
= > ৪x - ৩x /১২ = ৫
x = ৬০

59) ১৪৩ টাকাকে ২ঃ৪ঃ৫ অনুপাতে ভাগ করলে বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য কত টাকা হবে?

1) ৪২
2) ৩৬
3) ৩৭
✔ 4) ৩৯

Hello BCS

**ব্যাখ্যা :** অনুপাতগুলোর যোগফল (২ + ৪ + ৫) = ১১
∴বৃহত্তম অংশ {১৪৩ এর (৫/১১)} = ৬৫
ক্ষুদ্রতম অংশ {১৪৩ এর (২/১১)} = ২৬
∴বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য = (৬৫ - ২৬) = ৩৯

60) একটি গাড়ীর চাকা প্রতি মিনিটে ১২ বার ঘুরে। চাকাটি ৫ সেকেন্ডে কত ডিগ্রী ঘুরবে?

1) ৯০ ডিগ্রী
✔ 2) ৩৬০ ডিগ্রী
3) ৩০০ ডিগ্রী
4) ১৮০ ডিগ্রী

**ব্যাখ্যা :** 60 সেকেণ্ডে ঘুরে 12 বার
1 সেকেণ্ডে ঘুরে 12/60 বার
5 সেকেণ্ডে ঘুরে 12*5/60
= 1 বার
আমরা জানি, গাড়ির চাকা 1 বার ঘুরে 360°

61) ৪০ ডিগ্রী কোণের পূরক কোণ কোনটি?

1) ৩২০ ডিগ্রী
✔ 2) ৫০ ডিগ্রী
3) ১২০ ডিগ্রী
4) ১৪০ ডিগ্রী

**ব্যাখ্যা :** এক সমকোন = 90°
দুইটি কোণের পরিমাপ যদি এক সমকোণ হয় তাহলে তাকে পূরক কোণ বলে।
এখানে দেওয়া আছে, পূরক কোণের এক কোণ = 40°।
তাহলে আমরা জানি,
90° = এক সমকোণ
= 90°-40°
= 50°
90° থেকে এক কোণ বাদ দিলে অপর কোণ পাওয়া যায়। পূরক কোণের অপর কোন 50°।

62) পিতার বয়স পুত্রের দ্বিগুন অপেক্ষা ২ বছর বেশি। পিতার বয়স ৬২ বছর হলে পুত্রের বয়স কত বছর?

✔ 1) ৩০
2) ২৫
3) ৪০
4) ৩৫

Hello BCS

**ব্যাখ্যা :** ধরি পুত্র এর বয়স x বছর
প্রশ্নমতে $2x + 2 = 62$
$2x = 62 - 2$
$2x = 60$
$x = 60 \div 2$
$X = 30$
অতএব পুত্র এর বয়স 30 বছর।

63) ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অংক ৯, তাদের সমষ্টি কত?

1) ১৩০
✔ 2) ১০৭
3) ১১৩
4) ১৪৬

**ব্যাখ্যা :** ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অঙ্ক ৯ , সে সকল সংখ্যা হচ্ছে ১৯,২৯, ৫৯। সংখ্যা তিনটির সমষ্টি = ১৯ + ২৯ + ৫৯ = ১০৭ ।

64) একটি বৃত্তের ক্ষেত্রফল ১৬ বর্গমিটার, পরিধি ৮ মিটার। এর ব্যাসার্ধ কত মিটার?

✔ 1) ৪
2) ৩
3) ২
4) ৫

**ব্যাখ্যা :**

প্রশ্নমতে,

$\pi R^2$ = ১৬

২$\pi R$ = ৮

তাহলে, $\pi R^2$ / ২$\pi R$ = ১৬ / ৮

বা, R/২ = ২

বা, R = ৪

Hello BCS

65) ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক এবং ১ জন বালকের বয়সের গড় ৩৫ বছর। পুরুষদের বয়সের গড় ৪০ বছর এবং স্ত্রীলোকদের বয়সের গড় ৩৪ বছর। বালকের বয়স কত?

1) ১৪ বছর
2) ১৫ বছর
3) ১৬ বছর
✔ 4) ১৩ বছর

**ব্যাখ্যা :** 6 জন পুরুষের মোট বয়স = 6*40 = 240বছর
8 জন স্ত্রীর মোট বয়স = 8*35 = 272বছর
6 জন পুরুষ ও 8জন স্ত্রীর মোট বয়স = 240 + 272 = 512বছর
6 জন পুরুষ 8জন স্ত্রী ও1 জন বালকের মোট বয়স = 15*35 = 525বছর
বালকের বয়স = 525 - 512 = 13বছর

66) ০,১,২ এবং ৩ দ্বারা গঠিত চার অংকের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল

1) ২৯৯০
✔ 2) ২১৮৭
3) ২২৮৭
4) ৩১৪৫

**ব্যাখ্যা :** ০,১,২,৩ দ্বারা গঠিত চার অংকের বৃহত্তম সংখ্যা ৩২১০ এবং ক্ষুদ্রতম সংখ্যা ১০২৩। এদের বিয়োগফল হবেঃ ৩২১০ - ১০২৩ = ২১৮৭।

67) 4 × 5 × 0 × 7 × 1 = কত?

1) 180
✔ 2) 0
3) 210
4) 140

**ব্যাখ্যা :** কোন কিছুকে 0 দ্বারা গুন করলে তার ফলাফল শূন্য ( 0 ) হবে ।

68) একটি সমকোণী ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য লম্বের দৈর্ঘ্য অপেক্ষা ১ মিটার কম এবং লম্ব অপেক্ষা অতিভুজের দৈর্ঘ্য ১ মিটার বেশি হলে ত্রিভুজের দৈর্ঘ্য কত?

1) ৩
✔ 2) ৫
3) ৬
4) ৪

Hello BCS

ব্যাখ্যা :

ধরি, লম্ব = x মি।

∴ভূমি = (x + 1) মিটার

∴ অতিভুজ = (x + 2) মিটার

∴ ABC সমকোণী ত্রিভুজ বলে,

বা, $(x + 2)^2 = x^2 + (x + 1)^2$

বা, $x^2 + 4x + 4 = x^2 + x^2 + 2x + 1$

বা, $x^2 - 2x - 3 = 0$

বা, $x^2 - 3x + 8 - 3 = 0$

বা, $x (x - 3) + 1(x - 3) = 0$

বা, $(x - 3) (x + 1) = 0$

বা, $x - 3 = 0$

∴ $x = 3$

অথবা,

$x + 1 = 0$

∴ $x = -1$

∴$x \neq -1$

∴ $x = 3$

∴ অতিভুজ = 3 + 2 মিটার

= 5 মিটার

Hello BCS

69) একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ১ঃ২ঃ৩। ত্রিভুজটি হবে

1) সমবাহু
2) সূক্ষ্ণকোণী
3) স্থূলকোণী
✔ 4) সমকোণী

**ব্যাখ্যা :** যে ত্রিভুজের একটি কোণ সমকোণ তাকে সমকোণী ত্রিভুজ বলে। সমকোণী ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০° । কোণের অনুপাতের রাশিগুলোর যোগফল (১ + ২ + ৩) = ৬ ১ম কোণ = ১৮০° এর ১৬ বা ৩০° । ২য় ,, = ১৮০° এর ২৬ বা ৬০°। এবং ৩য় ,, = ১৮০ এর ৩ ৬বা ৯০° ।সুতরাং ত্রিভুজটি সমকোণী হবে।

70) x+1/x = 2 হলে $x/x^2+x - 1$ এর মান কত?

1) 4.0
✔ 2) 1.0
3) 2.0
4) 3.0

ব্যাখ্যা :

$x + (1/x) = 2$

বা, $x^2 + 1 = 2x$

বা, $x^2 - 2x + 1 = 0$

বা, $(x - 1)^2 = 0$

বা, $x - 1 = 0$

$\therefore x = 1$

এখন, $x/( x^2 + x - 1)$

$= 1/ (1^2 + 1 - 1)$

$= 1/1 = 1$

Hello BCS

71) একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ১৫০ মিটার ও ১০০ মিটার। বাগানটির দৈর্ঘ্য ২০% এবং প্রস্থ ১০% বৃদ্ধি করলে নতুন বাগানটির ক্ষেত্রফল কত বর্গমিটার হবে?

1) ১৮৫০০
2) ১৫৫০০
3) ২০৫০০
✔ 4) ১৯৮০০

ব্যাখ্যা :

ধরি,

দৈর্ঘ্য, $l_1$ = ১৫০ মিটার

প্রস্থ, $b_1$ = ১০০ মিটার

∴ বৃদ্ধি ছাড়া ক্ষেত্রফল, $A_1$ = ১৫০ × ১০০ বর্গমিটার
= ১৫০০০ বর্গমিটার

২০% বৃদ্ধিতে দৈর্ঘ্য, $l_2$ = ১৫০ + ১৫০ × ২০% মিটার
= ১৫০ + ১৫০ × $\frac{২০}{১০০}$ মিটার
= ১৫০ + ৩০ মিটার
= ১৮০ মিটার

১০% বৃদ্ধিতে প্রস্থ, $b_2$ = ১০০ + ১০০ × ১০% মিটার
= ১০০ + ১০০ × $\frac{১০}{১০০}$ মিটার
= ১০০ + ১০ মিটার
= ১১০ মিটার

∴ বৃদ্ধিতে নতুন ক্ষেত্রফল, $A_2$ = ১৮০ × ১১০ বর্গমিটার
= ১৯৮০০ বর্গমিটার

Hello BCS

---

72) একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য ৪,৫ ও ৩ হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

1) ২০
2) ১২
3) ৮
✔ 4) ৬

ব্যাখ্যা : কোনো ত্রিভুজের ৩টি বাহুর দৈর্ঘ্যের অনুপাত ৩ঃ৪ঃ৫ হলে সেটি সমকোণী ত্রিভুজ হবে সমকোনী ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × ছোট দুই বাহুর গুনফল।
যেহেতু ত্রিভুজটির তিনটি বাহুর দৈর্ঘ্য ৪, ৫ ও ৩ ফুট।
সুতরাং ক্ষেত্রফল = $\left(\frac{১}{২} \times ৩ \times ৪\right)$ বর্গফুট
= ৬ বর্গফুট

73) $x^2 + 7x+p$ যদি x-5 দ্বারা বিভাজ্য হয় তবে p এর মান কত হবে?

1) -30.0
✔ 2) -60.0
3) -10.0
4) 30.0

ব্যাখ্যা : x = 5 বসিয়ে পাই
52 + 7x5 + p = 0
p = - 60

74) $4x^2+9y^2$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ রাশি হবে?

✔ 1) 12xy
2) 24xy
3) 2xy
4) 6xy

ব্যাখ্যা : $4x^2 + 9y^2$
$= (2x)^2 + 2.2x.3y + (3y)^2$
সুতরাং, 2.2x.3y = 12xy যোগ করলে পূর্ণ বর্গ হবে

75) একটি জারে দুধ ও পানির অনুপাত ৫ঃ১। দুধের পরিমাণ যদি পানি অপেক্ষা ৮ লিটার বেশি হয়, তবে পানির পরিমাণ কত লিটার?

1) ৫
2) ৬
3) ৪
✔ 4) ২

Hello BCS

**ব্যাখ্যা :** অনুপাতদ্বয়ের বিয়োগফল = ৫ - ১ = ৪ দুধের পরিমাণ ৪ লিটার বেশি হলে পানি ১ লিটার ∴ " " " ৮ " " " " $\frac{১\times৮}{৪}$ " = ২ লিটার।

76) কোন ৩টি বাহু দিয়ে ত্রিভুজ গঠন করা যাবে না?

1) ২,৪,৫
2) ৪,৫,৬
✔ 3) ২,৪,৭
4) ৩,৪,৬

**ব্যাখ্যা :** ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হবে। এ শর্তে (ক) ও (খ) দিয়ে ত্রিভুজ অঙ্কন সম্ভব। কিন্তু (গ) ২ + ৪>৭, দ্বারা ত্রিভুজ অঙ্কন সম্ভব নয়। সুতরাং সঠিক উত্তর (গ)।

77) (2x+3y)/(3x+2y) = 5/6 হলে x:y = কত?

1) 6:8
✔ 2) 8:3
3) 5:6
4) 3:8

**ব্যাখ্যা :** (2x + 3x)/(3x + 2x) = (2/5)
= > 15x + 10y = 12x + 18y
= > 15x - 12x - 18y - 10y
= > 3x = 8y
= > (x/y) = (8/3)
∴x:y = 8:3

78) শুদ্ধ বানান কোনটি?

1) সমিচীন
✔ 2) সমীচীন
3) সমিচীন
4) সমীচিন

**ব্যাখ্যা :** শুদ্ধ বানান হল :: সমীচীন বিণ. 1 সংগত (সমীচীন পরামর্শ) ; উপযুক্ত, উচিত ; 2 যথার্থ। [সং. সম্যচ্ + ঈন]।

79) কোন দেশের সাথে সমুদ্রসীমা নেই?

1) বাংলাদেশ
2) ভারত

Hello BCS

✔ 3) নেপাল

4) পাকিস্তান

**ব্যাখ্যা :** নেপালের সাথে সমুদ্রসীমা নেই।যে দেশের সাথে সমুদ্রের সীমারেখা নেই অর্থাৎ পুরোপুরি স্থলবেষ্টিত তাদেরকে ‘ল্যান্ড লকড কান্ট্রি’ বলা হয়। যেমন আফগানিস্তান, নেপাল, ভুটান, মঙ্গোলিয়া ইত্যাদি।

80) জোয়ার ভাটার প্রধান কারণ

1) পৃথিবীর আকর্ষণ

✔ 2) চাদের আকর্ষণ

3) বায়ুপ্রবাহ

4) সূর্যের আকর্ষণ

**ব্যাখ্যা :** জোয়ার ভাটার প্রধান কারণ পৃথিবীর উপর চাঁদের আকর্ষণ। দূরত্বের কারণে সূর্যের চেয়ে জোয়ার ভাটার উপর চাঁদের আকর্ষণ বেশি। হিসেব করে দেখা গেছে যে, জোয়ার উৎপাদনে সূর্যের ক্ষমতা চাঁদের ৪/৯ ভাগ।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS